



‘তাসনিমের ল্যাপটপ : হাসিনাপুত্র জয় ও রুবেলের চাঞ্চল্যকর ই-মেইল’-এর প্রতিবাদ



গত ২৫ মে ২০০৭ তারিখে আমাদের সময়-এ প্রকাশিত ‘তাসনিমের ল্যাপটপ: হাসিনাপুত্র জয় ও রুবেলের চাঞ্চল্যকর ই-মেইল’ প্রতিবেদনটি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছে। আমরা দুজন (নাসিম মোহায়মেন ও আসিফ সালেহ) মানবাধিকার কর্মী। ‘দৃষ্টিপাত’ একটি মানবাধিকার সংগঠন, যার সূত্রপাত ঘটে সাংবাদিক টিপু সুলতানের চিকিৎসা খরচের অর্থ সংগ্রহের মাধ্যমে। এই কাজের ধারাবাহিকতায় ২০০৭ সালের ১০ই এপ্রিল, মধুপুরে নিহত আদিবাসী নেতা চলেস রিচিলের পরিবারের জন্য ‘দৃষ্টিপাত’ তহবিল সংগ্রহের আবেদন জানায় (ওয়েব ঠিকানা

<http://www.drishtipatorg/blog/2007/04/10/modhupur-victims>)। চলেস রিচিলের পরিবারের সঙ্গে সাংবাদিক তাসনিম খলিলের যোগাযোগ থাকায় আমরা তার কাছ থেকে জানতে চেয়েছিলাম, সংগৃহীত পঁচিশ হাজার টাকা কীভাবে পাঠাব। ৮ই মে তাসনিম আমাদের জানান তাকে টাকা পাঠানো নিরাপদ হবে না, বরং “ওয়েস্টার্ন ইউনিয়নের মাধ্যমে নাসিম মোহায়মেনের নামে পাঠাতে পারো। আমি তহবিল পেলে মধুপুরের লোকদের পৌঁছে দেব”। আমাদের সময়-এর প্রতিবেদনে ‘মধুপুর’-এর পরিবর্তে ‘মোহাম্মদপুর’ ছাপা হওয়ায় নিহত আদিবাসী নেতার পরিবারকে ঘিরে দৃষ্টিপাত-এর মানবাধিকার কার্যক্রম চাপা পড়ে যায়।

আশা করি এই সংশোধনী ছেপে আপনারা নির্ভুল সাংবাদিকতার গুরুত্ব তুলে ধরবেন। আমরা এও আশা করি যে, আগামী দিনগুলোতে ‘আমাদের সময়’ এদেশের মানবাধিকার সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা বজায় রাখবে।

শুভেচ্ছা, ধন্যবাদ।

নাসিম মোহায়মেন, e-mail: naeem.mohaiemen@gmail.com

আসিফ সালেহ, e-mail: asifs@drishtipatorg

দৃষ্টিপাত

This page has been printed from the web site of The Daily Amader Shomoy
(www.amadershomoy.com).

URL: <http://www.amadershomoy.com/news.php?id=166779&sys=3>

Developed by: Colors of Bangladesh (www.cob-it.com/enews)